

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্বেবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪৮/২০১৬

তারিখঃ ১৬/০৮/২০১৬খিঃ

সকল সম্মানিত সদস্যদের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম এর স্মারক নং ডিটি/শিপ/বিকডানীতিমালা/২০১৩/৫৯৮, তারিখঃ ৩১/০৫/২০১৬ইং মূলে জারীকৃত “বেসরকারী আইসিডি/সিএফএস নীতিমালা-২০১৬” এর প্রযোজ্য অংশ সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

“বেসরকারী আইসিডি/সিএফএস নীতিমালা-২০১৬” এর আলোকে
সি এন্ড এফ এজেন্ট এর জন্য অনুসরণীয় ধারাসমূহ

- ৬.৫ অপেক্ষামান যানবাহনের পার্কিং এর জন্য আইসিডি-র অভ্যন্তরে পর্যাপ্ত পরিসরের পার্কিং সুবিধা থাকতে হবে। আইসিডি/সিএফএস ও তৎসংলগ্ন এলাকায়/সড়কে যাতে কোন যানজট সৃষ্টি না হয় সেজন্য আইসিডি/সিএফএস পরিচালনাকারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৮.৬.১ সি এন্ড এফ এজেন্ট এবং আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ উভয়ই কাষ্টমস্ কর্তৃপক্ষ এবং বন্দরের বিধি বিধান অনুসরণ পূর্বক কার্য পরিচালনা করবে।
- ৮.৬.৩ আন্তর্জাতিক আইন/বিধিবিধান, দেশের প্রচলিত আইন, কাস্টমস্ ও বন্দর কর্তৃপক্ষের বিধি বিধান এবং আইসিডি/সিএফএস এর সার্ভিস চার্জের বিষয়ে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নির্ধারিত ট্যারিফ বহির্ভূত কোন চার্জ সিএন্ডএফ এজেন্ট থেকে আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ দাবী/আদায় করতে পারবে না।
- ৮.৬.৪ আমদানী পণ্য খালাস ও রপ্তানী পণ্য প্রেরণের জন্য আইসিডি/সিএফএস পরিচালনাকারী ও সিএন্ডএফ এজেন্টগণ কাষ্টমস্ কর্তৃপক্ষ এবং বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত দলিলাদি ব্যবহার করবে।
- ৮.৬.৫ প্রতিটি আইসিডি/সিএফএস গেইটে পণ্য আগমনি ট্রাক/কাভার্ড ভ্যানের জন্য একটি রিপোর্টিং রেজিস্টার থাকতে হবে। প্রতিটি সিএন্ডএফ এজেন্ট আইসিডি গেইটে পণ্য আগমনী ট্রাক/কাভার্ড ভ্যানের তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ করবে। পণ্য আগমনী ট্রাক রেজিস্টারে এন্ট্রির পর থেকে সর্বোচ্চ ০৪ ঘন্টার মধ্যে আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ ট্রাক/কাভার্ড ভ্যানের মালামাল গ্রহণ করে নিবে। এছাড়াও একটি কনসাইনমেন্ট এর অধীন আংশিক (পার্ট) মালামালও একই নিয়মে গ্রহণ করে নিতে হবে। অন্যথায় আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ ট্রাক/কাভার্ড ভ্যান ডেমারেজ চার্জ দিতে বাধ্য থাকবে।

(২)

৮.৬.৬ আইসিডি/সিএফএস হতে আমদানী পণ্য/কন্টেইনার ডেলিভারীর ক্ষেত্রে কাষ্টমস্ কর্তৃপক্ষ এবং বন্দর কর্তৃপক্ষের যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পর আমদানিকারক/সিএন্ডএফ এর চাহিদা (ইনডেন্ট) মোতাবেক মালামাল ডেলিভারী প্রদান করবে। যদি চাহিদা মোতাবেক মালামাল ডেলিভারী দেয়া সম্ভব না হয়, সেক্ষেত্রে পরবর্তী পর্যায়ে ডেলিভারীর সময় অতিরিক্ত মাশুল আদায় করা যাবে না। ইনডেন্ট মোতাবেক আমদানীকারক যদি মালামাল ডেলিভারীর জন্য ট্রাক বা কাভার্ড ভ্যান নিয়োজিত করতে ব্যর্থ হন, তবে সংশ্লিষ্ট কন্টেইনারের বিপরীতে আইসিডি ট্যারিফ মোতাবেক চার্জ প্রযোজ্য হবে।

৮.৬.৭ আমদানীকারক/সিএন্ডএফ এর চাহিদা (ইনডেন্ট) মোতাবেক মালামাল ডেলিভারী প্রদান করতে ব্যর্থ হলে মনিটরিং কমিটিকে অবহিত করা যাবে এবং বিষয়টি যাচাইপূর্বক মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৮.৭.১ রপ্তানীর লক্ষ্যে সংরক্ষিত মালামাল/কন্টেইনার নির্দিষ্ট সময়ের মধ্যে স্টাফিং/জাহাজীকরণ না হলে সংশ্লিষ্ট রপ্তানীকারক, সিএন্ডএফ এজেন্ট এবং ফ্রেইট ফরওয়ার্ডার/শিপিং এজেন্ট কে মালামাল গ্রহণের ৩০ দিন অতিবাহিত হওয়ার পর ১৫ দিন পর পর সর্বোচ্চ ৩টি নোটিশ প্রদানের পরও মালামাল/কন্টেইনার সরিয়ে নেয়া না হলে কাষ্টমস কর্তৃপক্ষকে অবহিতকরণ পূর্বক আইসিডি/সিএফএস পরিচালনাকারী কর্তৃপক্ষ কর্তৃক মালামাল অপসারণ (ডিসপোজাল) এর প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

১১.৩ আমদানী বা রপ্তানী যে কোন পণ্য /কন্টেইনার হ্যান্ডলিং করার জন্য আন্তর্জাতিক বিধি বিধান বহির্ভূত বা কাষ্টমস/বন্দর কর্তৃপক্ষের নির্দেশনা বহির্ভূত কোন অর্থ দাবী বা পণ্য জিম্মি করে অর্থ আদায় করা যাবেনা। এরূপ অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট আইসিডি/সিএফএস কে মনিটরিং কমিটির তদন্ত ও সুপারিশ মোতাবেক জরিমানা সহ উক্ত বে-আইনী আদায়কৃত অর্থ ফেরৎ দিতে বন্দর কর্তৃপক্ষ নির্দেশ দিতে পারবে এবং সংশ্লিষ্ট আইসিডি/সিএফএস এর কন্টেইনার গ্রহণ /প্রেরণ স্থগিত করতে পারবে।

ক) বন্দর পশ্চাদ ভূমিতে অবস্থিত বিভিন্ন প্রাইভেট আইসিডি সমূহের খালি কন্টেইনারের স্টোর রেন্ট নিম্ন মতে নির্ধারণ করা হলোঃ-

প্রতি ২০' কন্টেইনার প্রতিদিন- ১০০/- (একশত টাকা)

প্রতি ৪০' কন্টেইনার প্রতিদিন- ২০০/- (দুইশত টাকা)

খ) ইতোমধ্যেই যৌথ কমিটির রিপোর্টের আলোকে বিকড়া কর্তৃক জারীকৃত প্রাইভেট আইসিডি সমূহের অন্যান্য হ্যান্ডলিং রেইট ভবিষ্যৎ Confusion এড়ানোর জন্য নিম্নমতে পুনরল্লেখ করা হলোঃ-

i) Haulage Charge – ১০০০/- (এক হাজার টাকা) - ২০' কন্টেইনার

২০০০/- (দুই হাজার টাকা) - ৪০' কন্টেইনার

ii) Stuffing Charge - ৩৬০০/- (তিন হাজার ছয়শত টাকা) - ২০' কন্টেইনার

৪৮০০/- (চার হাজার আটশত টাকা) - ৪০' কন্টেইনার

iii) Lift On/Lift Off - ৩০০/- (তিনশত টাকা) - প্রতি কন্টেইনারের জন্য।

উক্ত বর্ধিত চার্জ সমূহ ০১/০৪/২০১৬ইং তারিখ হতে আদায়যোগ্য বা পরিশোধযোগ্য হবে মর্মে অনুষ্ঠিত সকলে সভায় ঐক্যমত পোষণ করেন।